

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৭০.১৯.৮৫

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৬

২৬ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৭৩২/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিকে অবহিতকরণ এবং সময় সময় এ মামলার অগ্রগতি অবহিতকরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৯.০১.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ উবায়দ উল্লাহ, পিতা: মোহাম্মদ আশরাফ আলী, মাতা: লুৎফুর নাহার, গ্রাম: গনদাবপুর, পো: হিরামনবাজার, উপজেলা: লক্ষ্মীপুর সদর, জেলা: লক্ষ্মীপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৩২/২০১৯ দায়ের করা হয়েছে।

০২. উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ২ নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, এনটিআরসি-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ৬ (ছয়) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৩. রুল নিশি জারির আদেশটি পর্যালোচনা করে দেখা যায় যে, “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮” এবং “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮” এর ১১.৬ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা তথা বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের চাকুরীতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর নির্ধারণের বিষয়টিকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের Article ২৭, ২৯ এবং ৩১ এর আলোকে চ্যালেঞ্জ করে রিট পিটিশন নং-৭৩২/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০৪. উক্ত মামলায় শুনানীতে রেসপনডেন্টস এর পক্ষে বিজ্ঞ ডি.এ.জি মি. এবিএম আবদুল্লাহ আল মাহমুদ এবং তাঁর সাথে বিজ্ঞ এ.এ.জি মোহাম্মদ সাইফুল আলম ও বিজ্ঞ এ.এ.জি মি. প্রহলাদ দেবনাথ উপস্থিত ছিলেন এবং আবেদনকারীদের পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট মি. মো: আবদুল কুদ্দুস বাদল উপস্থিত ছিলেন যর্মে রুল নিশিতে উল্লেখ রয়েছে।

০৫. মামলাটি বাংলাদেশ সরকার তথা টিএমইডি'র জন্য গুরুত্বপূর্ণ। সে কারণে মামলাটি বিষয়ে জরুরীভাবে সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) আদালতে দাখিলসহ প্রয়োজনীয় আইনী পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। সেমতে সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) আদালতে দাখিলসহ প্রয়োজনীয় আইনী পদক্ষেপ গ্রহণক্রমে আগামি ১৯.০৬.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিকে অবহিতের জন্য টিএমইডি'র বিজ্ঞ আইনজীবী জনাব এসকে শফিক মাহমুদ পুষ্পকে নির্দেশনা দেয়া হয়েছে।

০৬. উক্ত মামলা বিষয়ে প্রয়োজনীয় আইনী পদক্ষেপ গ্রহণের সুবিধার্থে কোন প্রেক্ষিতে বা উদ্দেশ্যকে বিবেচনায় নিয়ে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮” এর ১১.৬ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা তথা বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের চাকুরীতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর নির্ধারণ করা হয়েছে এ বিষয়ে তথ্য প্রয়োজন।

০৭. এখানে উল্লেখ্য যে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮” মাদ্রাসা উইং থেকে জারী করা হয়েছে।

০৮. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-৭৩২/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলের সুবিধার্থে এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর চাকুরীতে প্রথম প্রবেশের

সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ বিষয়ে চাহিতমতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৬-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

অতিরিক্ত সচিব, মাদ্রাসা উইং, কারিগরি ও মাদ্রাসা
শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৭০.১৯.৮৫/১(৭)

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৬
২৬ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর
সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয়
উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা
বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা
বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) অফিস কপি, মাস্টার কপি



২৬-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)